দৈনিক সংবাদ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

NOV. 28 2002

# মির্জাপুরে প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তির টাকা বিতরণ

**মির্জাপুর (টাঙ্গাইল) থেকে সংবাদদাতা ঃ** শুক্রবার টাঙ্গাইলের মির্জাপুর উপজেলায় ১ম শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীদের মধ্যে এই প্রথম উপবৃত্তির টাকা বিতরণ করা হয়েছে।

উপজেলা সদরের সোনালী ব্যাংক জানিয়েছে, ১০টি ইউনিয়নের প্রাথমিক বিদ্যালয়ের ১১ হাজার ৫শ' ৩৭ জন ছাত্রছাত্রীর মধ্যে প্রায় ১৭ লাখ টাকা উপবৃত্তি প্রদান করা হয়েছে। বর্তমান সরকারের জরুরি নির্দেশে শুক্রবার ছুটির দিন থাকা সত্ত্বেও সোনালী ব্যাংক কর্মচারীরা ছুটির দিনে ১৭ লাখ টাকা বিতরণ করেন।